## আমার কি কোনও নথিপত্র প্রদান করতে হবে?

আপনি কিসের জন্য যোগ্য তার উপর নির্ভর করে আপনাকে নথিপত্র সরবরাহ করতে বলা হতে পারে। নীচের প্রতিটি বিভাগ থেকে একটি করে নথি প্রদান করতে প্রস্তুত থাকুন। আপনি যদি স্ব-শরীরে আবেদন করে থাকেন তবে দয়া করে সেগুলি আপনার সাথে নিয়ে আসুন। আপনি যদি ফোনে আবেদন করে থাকেন তবে আপনাকে সেগুলি MyChart-এ আপলোড করতে অথবা আপনার অ্যাপয়েন্টমেন্টের সময় প্রদান করতে বলা হবে। যদি আপনার কাছে নির্দিষ্ট কোনও নথি না থাকে তবে চিন্তা করবেন না! আমরা এরপরও সাহায্য করতে পারব।

| নথিপত্রের ক্যাটাগরি | গ্রহণযোগ্য নথিপত্রের উদাহরণ |
|---|---|
| পরিচয়ের প্রমাণ | চালকের লাইসেন্স বা নন-ড্রাইভার আইডি, ID NYC, পাসপোর্ট, বৈদেশিক আইডি, গ্রিন কার্ড বা ওয়ার্ক পারমিট, ন্যাচারালাইজেশন সার্টিফিকেট, ভিসা, স্কুল আইডি, বৈবাহিক সনদ, জন্ম সনদ, EBT বা CBIC কার্ড |
| আয়ের প্রমাণ | পে স্টাব (গত 4 সপ্তাহের), অ্যাপয়েন্টমেন্ট লেটার, পেনশন/ SSI /বেকারত্ব সহায়তা পুরষ্কারের চিঠি/চেক |
| ঠিকানার প্রমাণ | পোস্টমার্ক করা খাম, ইউটিলিটি বিল (গত 90 দিনের), ভাড়ার চুক্তি, বন্ধকী এজাহার |
| বীমা যোগ্যতা নিরূপণ | আপনি যদি ইতিমধ্যে অন্য কোনও সংস্থার সহায়ক দ্বারা বা New York State of Health মার্কেটপ্লেসের মাধ্যমে নিজে নিজে বীমাযোগ্যতার জন্য নিরূপিত হয়ে থাকেন, তবে নিরূপণের একটি অনুলিপি শেয়ার করুন (শেষ 30 দিন) |

## আমার স্বাস্থ্য বিমার কভারেজ সম্পর্কে সিদ্ধান্ত শোনার জন্য অপেক্ষারত অবস্থায় আমি কোনো বিল পেলে কী করতে হবে?

যদি আপনি স্বাস্থ্য বিমার জন্য আবেদন করে থাকেন, আপনার আবেদন পর্যালোচনা করার সময় আপনাকে বিল দিতে বলা হবে না। যদি আপনাকে বিল দেয়া হয়, তাহলে আপনার উচিত আমাদের সাথে যোগাযোগ করা এবং একজন আর্থিক পরামর্শদাতার সাথে কথা বলা, যিনি আপনাকে সহায়তা করবেন।

## আমি কিভাবে আবেদন করব?

আমাদের আর্থিক উপদেষ্টাগণ আপনাকে স্বাস্থ্য বীমা কভারেজ বা আর্থিক সহায়তার জন্য আবেদন করতে সহায়তা করতে পারেন। একজন আর্থিক উপদেষ্টার সাথে কথা বলতে 1-844-692-4692 নম্বরে কল করুন এবং 3 নং বিকল্পটি নির্বাচন করুন।

NYC Health + Hospitals সবার জন্য স্বাস্থ্যসেবা প্রদান করে। কাগজপত্রবিহীন লোকজনসহ সব রোগীর অধিকার ও গোপনীয়তার প্রতি আমরা সম্মান দেখাই। এছাড়াও ইংরেজি ছাড়া অন্য ভাষায় কথা বলা লোকজনকে ডাক্তার ও অন্যান্য কর্মী সদস্যদের সাথে কথা বলতে আমরা সাহায্য করে থাকি। আমাদের কর্মীরা আলবেনিয়ান, আরবি, বাংলা, চীনা, ফরাসি, হেশিয়ান ক্রেওল, হিন্দি, কোরিয়ান, পোলিশ, রুশ, স্প্যানিশ, ও উর্দু সহ অনেকগুলো ভাষায় কথা বলেন। দোভাষী পরিষেবার ব্যবস্থাও আছে। আপনি আপনার ভাষায় তথ্য পেতে পারেন।

আরো জানতে
ও তালিকাভুক্ত হতে

1-646-NYC-CARE
1-646-692-2273
নম্বরে ফোন করুন

nyccare.nyc

সংযুক্ত থাকুন। আমাদেরকে অনুসরণ করুন।

# NYC HEALTH + HOSPITALS

# আর্থিক সহায়তা

## কোনো স্বাস্থ্য বিমা নেই?
## চিন্তা করবেন না, আমরা আপনাকে সাহায্য করতে পারবো।

উচ্চ মানসম্মত ও সাশ্রয়ী স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার আপনার আছে। এই পরিচর্যাকে সাশ্রয়ী করার সেরা উপায় হলো স্বাস্থ্য বিমায় তালিকাভুক্ত হওয়া। আমরা আপনার জন্য উপলভ্য উপায়গুলো ব্যাখ্যা করতে সাহায্য করতে পারি এবং আপনার ও আপনার পরিবারের জন্য সেরা পরিকল্পনাটিতে তালিকাভুক্ত হতে আপনাকে সহায়তা করতে পারি। যদি আপনি যোগ্য না হন অথবা উপলভ্য বিনামূল্যের বা কম খরচের কোনো স্বাস্থ্য বিমা পরিকল্পনা আপনার সামর্থ্যের মধ্যে না থাকে, তাহলে আপনার ও আপনার পরিবারের জন্য আমাদের স্বাস্থ্য পরিষেবাকে সাশ্রয়ী করার জন্য আপনি আমাদের একটি আর্থিক সহায়তা প্রকল্প – *NYC Care বা Options* পাওয়ার যোগ্য হতে পারেন।

### উপলভ্য বিকল্প সম্পর্কে আমি কিভাবে জানতে পারি?

NYC Health + Hospitals এর একজন আর্থিক পরামর্শদাতার সাথে কথা বলুন, আপনি যোগ্য হলে আপনাকে ও আপনার পরিবারকে বিনামূল্যের বা স্বল্পমূল্যের স্বাস্থ্য বিমায় তালিকাভুক্ত হতে তিনি সহায়তা করতে পারবেন। আপনি যোগ্য হতে পারেন এমন বিভিন্ন ধরনের স্বাস্থ্য বিমা থেকে বেছে নিতে আপনাকে সাহায্য করার জন্য আমাদের আর্থিক পরামর্শদাতারা আছেন। যদি আপনি কোনো স্বাস্থ্য বিমা পরিকল্পনা পাওয়ার জন্য যোগ্য না হন, বিমার কভারেজ আপনার সামর্থ্যের মধ্যে না থাকে, অথবা চিকিৎসা সেবার খরচ পরিশোধের জন্য অর্থ না থাকে, তাহলে আপনি আমাদের একটি আর্থিক সহায়তা প্রকল্পের জন্য যোগ্য হতে পারেন।

*NYC Care* সেই সব ব্যক্তিরা পেতে পারেন যারা স্বাস্থ্য বিমা পাওয়ার অযোগ্য অথবা যাদের স্বাস্থ্য বিমার খরচ দেয়ার সামর্থ্য নেই এবং ছয় মাস বা আরো বেশি সময় ধরে নিউ ইয়র্ক সিটিতে বসবাস করছেন।

যারা যোগ্য নন বা স্বাস্থ্য বীমার সামর্থ্য রাখেন না এবং New York CIty বসবাস করেন কিংবা যান তাদের জন্য *Options* উপলব্ধ। Nassau কাউন্টিতে বসবাসকারী বা বেড়াতে আসা যেসব লোকজন Queens-এ আমাদের হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্রগুলোতে যান তারা *Options* এর থেকে সাহায্য পাবেন। এছাড়াও Westchester কাউন্টিতে বসবাসকারী বা বেড়াতে আসা যেসব লোকজন Bronx-এ আমাদের হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্রগুলোতে যান তারা *Options* এর থেকে সাহায্য পাবেন।

### স্বাস্থ্য বিমা কেন গুরুত্বপূর্ণ?

কেউই আহত বা অসুস্থ হতে চান না; কিন্তু চিকিৎসা সংক্রান্ত অপ্রত্যাশিত ঘটনাগুলো ঠিকই ঘটে থাকে। একটি স্বাস্থ্য বিমা থাকলে তা চলমান বড় চিকিৎসা বিল ও প্রেসক্রিপশনের ওষুধসহ এসব অপ্রত্যাশিত খরচের কিছু অংশ প্রদান করতে সাহায্য করে, এবং আপনাকে মানসিক শান্তি দিতে পারে। আমরা আরো জানি যে, যাদের স্বাস্থ্য বিমা আছে তাদের ও তাদের পরিবারের সুস্থ থাকার জন্য প্রতিরোধমূলক সেবা পাওয়ার সম্ভাবনা বেশি থাকে।

### আমাকে কত অর্থ পরিশোধ করতে হবে?

বিনামূল্যের বা স্বল্পমূল্যের অনেক স্বাস্থ্য বিমা পরিকল্পনা পাওয়া যায়। আমরা এই বিকল্প নিয়ে আপনার সাথে আলোচনা করতে পারি। যদি আপনি স্বাস্থ্য বিমা পাওয়ার যোগ্য না হন এবং আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য হন, তাহলে আপনি শুধু আপনার সামর্থ্য অনুযায়ী অর্থ পরিশোধ করবেন। আমাদের আর্থিক সহায়তা প্রকল্পগুলোর কোনটির আওতায় আপনাকে কী পরিমাণ অর্থ পরিশোধের জন্য বলা হতে পারে তা পরবর্তী পৃষ্ঠার চার্টে দেখানো হয়েছে। একজন ডাক্তার দেখানোর জন্য আপনার ফি $0 এর মত কম হতে পারে।

### আবেদন করার জন্য আমার কী কী দরকার হবে?

আপনাকে নিজের ও আপনার পরিবার সম্পর্কে এবং আপনারা কত উপার্জন করেন সে সম্পর্কে তথ্য দিতে বলা হবে। আপনি যোগ্য হতে পারেন এমন বিভিন্ন ধরনের স্বাস্থ্য বিমা পরিকল্পনা ও আর্থিক সহায়তা প্রকল্প থেকে বেছে নিতে আমরা আপনাকে সাহায্য করবো। এটি একটি সুরক্ষিত আবেদন এবং অভিবাসন কর্মকর্তাদের সাথে কোনো তথ্য শেয়ার করা হয় না।

ক্রমশ

## ধাপ 1:

আপনার পরিবারের সদস্যসংখ্যা খুঁজুন (অনুগ্রহ করে আপনার সাথে বসবাসকারী সব প্রাপ্তবয়স্ক ব্যক্তি ও শিশু সহ হিসাব করুন)।

## ধাপ 2:

এরপরে, যেকোনো একটি স্তরে এক বছরে আপনি যে পরিমাণ অর্থ পান তা খুঁজে বের করুন।

## ধাপ 3:

ক্লিনিক ভিজিট, জরুরি রুম ভিজিট, এবং হাসপাতালে অবস্থানের জন্য আপনার পরিবারের সদস্য সংখ্যা ও আয়ের ভিত্তিতে আপনাকে কত পেমেন্ট করতে বলা হতে পারে তা দেখতে নিচের চার্টটির কলাম দেখুন।

| ফেডারেল দারিদ্র্য সীমা (FEDERAL POVERTY LEVELS, FPL) | 100% FPL | 101 - 125% FPL | | 126 - 150% FPL | | 151 - 200% FPL | | 201 - 250% FPL | | 251 - 300% FPL | | 301 - 350% FPL | | 351 - 500% FPL | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| পরিবারের সদস্য সংখ্যা | এরচেয়ে কম | এরচেয়ে বেশি | এরচেয়ে কম | এরচেয়ে বেশি | এরচেয়ে কম | এরচেয়ে বেশি | এরচেয়ে কম | এরচেয়ে বেশি | এরচেয়ে কম | এরচেয়ে বেশি | এরচেয়ে কম | এরচেয়ে বেশি | এরচেয়ে কম | এরচেয়ে বেশি | এরচেয়ে কম |
| 1 | 15,060 | 15,061 | 18,825 | 18,826 | 22,590 | 22,591 | 30,120 | 30,121 | 37,650 | 37,651 | 45,180 | 45,181 | 52,710 | 52,711 | 75,300 |
| 2 | 20,440 | 20,441 | 25,550 | 25,551 | 30,660 | 30,661 | 40,880 | 40,881 | 51,100 | 51,101 | 61,320 | 61,321 | 71,540 | 71,541 | 102,200 |
| 3 | 25,820 | 25,821 | 32,275 | 32,276 | 38,730 | 38,731 | 51,640 | 51,641 | 64,550 | 64,551 | 77,460 | 77,461 | 90,370 | 90,371 | 129,100 |
| 4 | 31,200 | 31,201 | 39,000 | 39,001 | 46,800 | 46,801 | 62,400 | 62,401 | 78,000 | 78,001 | 93,600 | 93,601 | 109,200 | 109,201 | 156,000 |
| 5 | 36,580 | 36,581 | 45,725 | 45,726 | 54,870 | 54,871 | 73,160 | 73,161 | 91,450 | 91,451 | 109,740 | 109,741 | 128,030 | 128,031 | 182,900 |
| 6 | 41,960 | 41,961 | 52,450 | 52,451 | 62,940 | 62,941 | 83,920 | 83,921 | 104,900 | 104,901 | 125,880 | 125,881 | 146,860 | 146,861 | 209,800 |
| 7 | 47,340 | 47,341 | 59,175 | 59,176 | 71,010 | 71,011 | 94,680 | 94,681 | 118,350 | 118,351 | 142,020 | 142,021 | 165,690 | 165,691 | 236,700 |
| প্রাপ্তবয়স্কদের জন্য ক্লিনিক ভিজিট | $0 | $2 | | $3 | | $20 | | $30 | | $40 | | $50 | | $50 | |
| শিশু বা গর্ভবতী নারীদের জন্য ক্লিনিক ভিজিট | $0 | $0 | | $0 | | $20 | | $30 | | $40 | | $50 | | $50 | |
| আচরণগত স্বাস্থ্য ক্লিনিক ভিজিট | $0 | $0 | | $0 | | $15 | | $30 | | $40 | | $50 | | $50 | |
| কেবল-ভ্যাকসিনের ভিজিট | $0 | $0 | | $0 | | $0 | | $0 | | $0 | | $0 | | $0 | |
| প্রাপ্তবয়স্কদের জন্য জরুরি রুম ভিজিট | $0 | $3 | | $3 | | $75 | | $80 | | $100 | | $120 | | $120 | |
| শিশু বা গর্ভবতী নারীদের জন্য জরুরি রুম ভিজিট | $0 | $0 | | $0 | | $75 | | $80 | | $100 | | $120 | | $120 | |
| প্রেসক্রিপশনের ওষুধ (প্রত্যেক প্রেসক্রিপশনের জন্য ফি) | $0 | $2 | | $2 | | $6 | | $10 | | $14 | | $18 | | $18 | |
| অ্যাম্বুলেটরি সার্জারি বা ম্যাগনেটিক রেসন্যান্স ইমেজিং (Magnetic Resonance Imaging, MRI) পরীক্ষা | $0 | $15 | | $25 | | $150 | | $300 | | $450 | | $550 | | $650 | |
| হাসপাতালে ভর্তি রোগীর* হাসপাতালে অবস্থান* | $0 | $25 | | $25 | | $150 | | $400 | | $900 | | $1500 | | $1500 | |
| কো-পে ও ডিডাক্টিবল | $0 | $0 | | $0 | | $0 | | $10 | | $12 | | $18 | | $22 | |

উপরের উল্লিখিত আয়ের চেয়ে বেশি আয় বিশিষ্ট পরিবারের রোগীদের জন্য ফি NYC Health + Hospitals-এর সেলফ-পে (Selfpay) রেটের ভিত্তিতে নির্ধারণ করা হবে।

*$8,000-এর চেয়ে বেশি সাশ্রয় হলে বাড়তি ফি ধার্য করা হতে পারে।